



আযা হিলাল আহমাদ সুলেইমান  
মিশর

৭-১৬ ডিসেম্বর ২০১২

অধিকারের জন্য লিখুন  
অসাধারণ কিছু করুন

# আম্বা হিলাল আহমাদ সুলেইমানের কাহিনী

মিশরীয় সেনা সদস্যদের নির্যাতনের শিকার ৪৯ বছর বয়সী আম্বা হিলাল আহমাদ সুলেইমান ন্যায়বিচার পেতে লড়াই করছেন। সৈন্যদের জঘন্য আক্রমণের সেই ঘটনায় তার মাথার খুলি ফেটে গিয়েছিল এবং এখন তিনি স্মৃতি সমস্যায় ভুগছেন।

ঘটনার দিন, ১৭ ডিসেম্বর ২০১১, তাহরির চত্বরে অনুষ্ঠিত সরকার বিরোধী বিশাল প্রতিবাদ সমাবেশে আম্বা হিলাল আহমাদ সুলেইমান এক পুরুষ বন্ধুকে নিয়ে উপস্থিত ছিলেন। এক পর্যায়ে সৈন্যরা সমাবেশে আক্রমণ চালালে সবাই পালাতে শুরু করে। ওই সময়ে তিনি দেখতে পান একদল সৈন্য একটি তরুনীকে পেটাচ্ছে ও তার পোশাক খুলছে। তিনি বন্ধু ও প্রতিবাদকারীদের কয়েকজনকে সঙ্গে নিয়ে তরুনীকে উদ্ধারে এগিয়ে যান।

এসময় একজন সেনা কর্মকর্তা তার বন্ধুর হাঁটুতে গুলি করে এবং সৈন্যরা তাকে মাটিতে ফেলে বেদমভাবে পেটাতে থাকে; এমনকি তিনি অজ্ঞান হওয়ার পরও পেটানো থামেনি। বিস্ফোভকারীরা ঘটনার ভিডিও রেকর্ড ইন্টারনেটে পোস্ট করেছে।

হাসপাতালে আনার পর আম্বা হিলাল আহমাদ সুলেইমানের জ্ঞান ফেরে; সেখানেই তার ফেটে যাওয়া মাথার চিকিৎসা দেওয়া হয়। এতোই রক্ত পড়ছিল যে, হাসপাতাল বেডের চাদর বারবার পাল্টাতে হচ্ছিল। তিনি এই ঘটনায় দায়ীদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করলেও মিশরীয় কর্তৃপক্ষ কাউকে গ্রেফতার করেনি, এবং তার জন্য সহায়ক হতে পারে এমন কোন ধরনের প্রতিকারের ব্যবস্থা নেয়নি; তাকে ক্ষতিপূরণ দেয়নি কিংবা তার পুনর্বাসনেরও ব্যবস্থা করেনি।

## মিশরের রাষ্ট্রপতিকে লিখুন

■ মিশরের রাষ্ট্রপতিকে আম্বা হিলাল আহমাদ সুলেইমানের ন্যায়বিচার পাওয়া নিশ্চিত করার আহ্বান জানিয়ে আক্রমণের ঘটনার তদন্তে একটি স্বাধীন তদন্ত কমিশন গঠন এবং দোষী ব্যক্তিদের ন্যায়বিচারের আওতায় আনার কথা লিখুন।

President Morsi  
Presidential Palace  
Heliopolis  
Cairo  
Egypt

ফ্যাক্স: +২০২ ২৩৯ ১১ ৪৪১

সম্বোধন করুন: Dear President

AMNESTY  
INTERNATIONAL



Amnesty International  
International Secretariat  
Peter Benenson House  
1 Easton Street  
London WC1X 0DW  
United Kingdom

সেপ্টেম্বর ২০১২  
সূচি: MDE 12/027/2012 Bengali

[amnesty.org/individuals-at-risk](http://amnesty.org/individuals-at-risk)